

বরাবর,

চেয়ারম্যান

বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ

স্থলবন্দর ভবন, এফ-১৯/এ আগারগাঁও

শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।

কমিশনার এর কার্যালয়
কাস্টমস হাউস, ভোমরা, সাতক্ষীরা।

ডকেট নং.....

২০৭০

তারিখ:.....

২০/০৫/২০২৬

মাধ্যম: যথাযথ কর্তৃপক্ষ।

বিষয়: অধিকাল ভাতা বন্ধের প্রতিবাদ এবং বকেয়া সহ পুনরায় চালুর দাবিতে অতিরিক্ত কর্মঘণ্টায় কর্মবিরতি পালন প্রসঙ্গে।

জনাব,

আপনার সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ, নৌপরিবহণ মন্ত্রণালয়ের অনুমোদনক্রমে দৈনিক নির্ধারিত কর্মঘণ্টার অতিরিক্ত সময় (বিকাল ০৫.০০ ঘটিকা হতে রাত ১২.০০ ঘটিকা এমনি রাত ০৩.০০ ঘটিকা পর্যন্ত এবং সাপ্তাহিক ও সরকার ঘোষিত সাধারণ ছুটির দিন) কাজের জন্য প্রতিষ্ঠালগ্ন হতে কর্মচারীদের অধিকাল ভাতা প্রদান করে আসছে। কিন্তু বেনাপোল স্থলবন্দরে গত নভেম্বর-২০২৫ খ্রি. এবং অন্যান্য স্থলবন্দর সমূহে গত জুন-২০২৪ খ্রি. হতে Authority উক্ত অধিকাল ভাতা বন্ধ করে দেয়। তাই গত ১৭/১২/২০২৫খ্রি. চেয়ারম্যান মহোদয় বরাবর আবেদন প্রেরণ করা হয়, এছাড়াও ১২/০১/২০২৬খ্রি, প্রতিবাদ কর্মসূচি হিসেবে বন্দরের বিভিন্ন পয়েন্টে ব্যানার ঝুলানো হয় এবং ২৭/০১/২০২৬ খ্রি. কার্গো ভেহিকল টার্মিনালে অধিকাল ভাতা বন্ধের প্রতিবাদ এবং বকেয়া সহ পুনরায় চালু করার দাবিতে মানববন্ধন কর্মসূচি গ্রহণ করা হয়। তারপরও কর্তৃপক্ষ অধিকাল ভাতা প্রদানের জন্য কোন যৌক্তিক ভূমিকা গ্রহণ করেনি। তাই গত ১০/০৫/২০২৬খ্রি. এবং ১১/০৫/২০২৬খ্রি. উক্ত দুই দিন অতিরিক্ত কর্মঘণ্টায় বিকাল ০৫ ঘটিকা হতে সন্ধ্যা ০৭ ঘটিকা পর্যন্ত মোট দুই ঘণ্টার কর্মবিরতি পালন করা হয়। উপরোক্ত কর্মসূচি পালন করার পরও কর্তৃপক্ষের নিকট অধিকাল ভাতা বিষয়ক কোন ইতিবাচক সাড়া পাওয়া যায়নি। তাই প্রাপ্য এবং ন্যায্য অধিকাল ভাতা বকেয়া সহ পুনরায় চালুর দাবিতে বেনাপোল স্থলবন্দর সহ বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষের সকল স্থলবন্দর আগামী ১৯/০৫/২০২৬খ্রি. হতে ২১/০৫/২০২৬ খ্রি. তিন (০৩) দিন বিকাল ০৫ ঘটিকা হতে অতিরিক্ত কর্মঘণ্টায় আমদানি-রপ্তানি সহ বন্দরের সকল কার্যক্রম কর্মবিরতির আওতায় থাকবে। উল্লিখিত যৌক্তিক দাবি নির্ধারিত সময়ে বাস্তবায়ন না হলে আগামী ০৭/০৬/২০২৬ খ্রি. হতে অনির্দিষ্টকালের জন্য অতিরিক্ত কর্মঘণ্টায় কর্মবিরতি চলমান থাকবে।

অতএব, উক্ত বিষয়টি মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অবহিত করা হলো।

তারিখঃ ১৭/০৫/২০২৬ খ্রিঃ।

নিবেদক

Rahman
১৫/৫/২০২৬

হাফিজুর রহমান মিল্লা

ট্রাফিক পরিদর্শক

বেনাপোল স্থলবন্দর, যশোর

ও

আহবায়ক

স্থলবন্দর কর্মচারী দাবি আদায় পরিষদ

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

০১। মাননীয় সংসদ সদস্য, সাতক্ষীরা-২।

০২। মহাপরিচালক, শ্রম অধিদপ্তর, ঢাকা।

০৩। জেলা প্রশাসক, সাতক্ষীরা।

০৪। কমিশনার, ভোমরা কাস্টমস হাউজ, ভোমরা, সাতক্ষীরা।

০৫। পুলিশ সুপার, সাতক্ষীরা।

০৬। পরিচালক (ট্রেড ইউনিয়ন) শ্রম অধিদপ্তর, ঢাকা।

০৭। পরিচালক, আঞ্চলিক শ্রম অফিস, খুলনা।

০৮। একান্ত সচিব, নৌপরিবহণ মন্ত্রণালয়, (মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।

০৯। একান্ত সচিব, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজসম্পদ মন্ত্রণালয়, (মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।